গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়
ময়মনসিংহ।
www.food.mymensingh.gov.bd

স্মারক নং: ১৩.০১.৬১০০.০০৭.৩২.০২০.০৮.**৯২২** তারিখ: ০১/০৪/২০২৪খ্রি.

## বিনষ্ট খাদ্যশস্য নিলামে বিক্রয় বিজ্ঞপ্তি

এতদ্বারা সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, খাদ্য মন্ত্রণালয়ের ০২/১২/১৯৯২খ্রি. তারিখের খাম(স-৫)/নিস্পত্তি-১২/৯২/৫১৩ নং স্মারক, পরিচালক, সরবরাহ, বন্টন ও বিপণন বিভাগ, খাদ্য অধিদপ্তর, ঢাকার ২১/১২/২০২৩খ্রি. তারিখের ১৩.০১.০০০০.০৫০.৩২.০০১.২১.২৭৭ নং স্মারক এবং আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, ময়মনসিংহ এর ২৪/১২/২০২৩ খ্রিস্টাব্দ তারিখের ১৩.০১.০০০০.০০০.১৬.০০১.২৩.৮৮৭ নং স্মারকের নির্দেশনা অনুযায়ী ঈশ্বরগঞ্জ উপজেলাধীন আঠারবাড়ী এলএসডিতে মজুত সরকারি হিসাব বহির্ভূত মানুষের খাওয়ার অনুপযোগী ৩৩.৮৪০ মে.টন চাল হাঁস-মুরগী/মাছের খাদ্য হিসেবে নিলামে বিক্রয় করা হবে।

| | | | |
|---|---|---|---|
| ০১ | মন্ত্রণালয়/বিভাগ | : | খাদ্য মন্ত্রণালয় |
| ০২ | প্রতিনিধি/বিক্রয়কারী সত্তা | : | মহাপরিচালক (গ্রেড-১), খাদ্য অধিদপ্তর, ঢাকা এর পক্ষে জেলা খাদ্য নিয়ন্ত্রক, ময়মনসিংহ |
| ০৩ | নিলাম দরপত্র আহবানকারী কর্মকর্তা | : | জেলা খাদ্য নিয়ন্ত্রক, ময়মনসিংহ |
| ০৪ | নিলাম বিক্রয়ের জন্য বিনষ্ট খাদ্যশস্য | : | ময়মনসিংহ জেলার ঈশ্বরগঞ্জ উপজেলাধীন আঠারবাড়ী এলএসডিতে রক্ষিত ৩৩.৮৪০ মে.টন চাল যেখানে যে অবস্থায় আছে সে মোতাবেক ১(এক)টি লট |
| ০৫ | বিনষ্ট খাদ্যশস্য নিলাম বিজ্ঞপ্তি নম্বর | : | স্মারক নম্বর: ১৩.০১.৬১০০.০০৭.৩২.০২০.০৮.৯২২, তারিখঃ ০১/০৪/২০২৪ খ্রি. |
| ০৬ | দরপত্র বিক্রয় পদ্ধতি | : | উন্মুক্ত নিলাম পদ্ধতি (এক খাম) (Open Auction) |
| ০৭ | সিডিউল বিক্রয়ের শেষ তারিখ ও সময় | : | ২১/০৪/২০২৪খ্রি. তারিখ অফিস চলাকালীন সময় পর্যন্ত |
| ০৮ | নিলাম দরপত্র গ্রহণের তারিখ ও সময় | : | ২২/০৪/২০২৪খ্রি. সকাল ০৯.০০ঘটিকা হতে দুপুর ১.০০ ঘটিকা পর্যন্ত |
| ০৯ | বিক্রয়ের আবেদন গ্রহণের স্থান | : | জেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, ময়মনসিংহ-এ রক্ষিত দরপত্র বাক্স |
| ১০ | বিক্রয় সিডিউল প্রাপ্তির স্থান | : | হিসাব শাখা, জেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, ময়মনসিংহ |
| ১১ | বিক্রয় আবেদনের বাক্স খোলার তারিখ ও সময় | : | ২২/০৪/২০২৪খ্রি. তারিখ বিকাল ৩.০০ ঘটিকা |
| ১২ | বিক্রয়ের আবেদন উন্মুক্ত করণের স্থান | : | জেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, ময়মনসিংহ। উপস্থিত দরদাতাদের সম্মুখে (যদি কেহ উপস্থিত থাকেন) বাক্স খোলা হবে |
| ১৩ | নিলাম দরদাতা ব্যক্তি/প্রতিষ্ঠানের যোগ্যতা | : | সাধারণ ব্যবসায়ী/ হাঁস-মুরগী কিংবা মাছের খাবার প্রস্তুতকারী/মৎস্য ব্যবসায়ী/আগ্রহী ব্যক্তি। তবে উক্ত ব্যক্তি বা প্রতিষ্ঠানের টিআইএন সনদ ও কোন তফশিলি ব্যাংক হতে আর্থিক সচ্ছলতার সনদ থাকতে হবে। |
| ১৪ | নিলাম সিডিউলের মূল্য | : | ১,০০০/-(এক হাজার) টাকা মাত্র। ট্রেজারী চালানের মাধ্যমে মূল্য জমা দিয়ে সিডিউল ক্রয় করতে হবে। সরকার নির্ধারিত কোড নং- ১/৪৮৩১/০০০১/২৩৬৬ |
| ১৫ | বিনষ্ট খাদ্যশস্য নিলামের জামানত | : | উদ্ধৃত দরের ১০% হারে জেলা খাদ্য নিয়ন্ত্রক, ময়মনসিংহ- এর অনুকূলে যে কোন তফসিলি ব্যাংক হতে ইস্যুকৃত পে-অর্ডার/ব্যাংক ড্রাফট(ফেরতযোগ্য) |
| ১৬ | বিনষ্ট খাদ্যশস্য বিক্রয় সম্পর্কিত সকল তথ্য জানার জন্য (অফিস চলাকালীন সময়ে) | : | জেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, ময়মনসিংহ এর প্রশাসন শাখা/হিসাব শাখা- মোবাইল নম্বর-০১৭২৮-১৮০০১৩/০১৭৫২-৮৬৯২৬১ |

শর্তাবলীঃ

১। নিলাম দরপত্র আবেদন সীলমোহরকৃত একটি খামে দাখিল করতে হবে। খামের উপরের বাম অংশে এলএসডির নাম, লট নম্বর এবং খামের উপরে মধ্যভাগে "বিনষ্ট চালের জন্য নিলাম দরপত্র" ডান পার্শ্বে জেলা খাদ্য নিয়ন্ত্রক, ময়মনসিংহ এবং বাম পার্শ্বে দরপত্র দাতার পূর্ণ নাম, ঠিকানা উল্লেখ করতে হবে।

২। নিলাম দরপত্র সীলগালাযুক্ত খামে অবশ্যই আগামী ২২/০৪/২০২৪ খ্রিস্টাব্দ তারিখ সকাল ৯.০০ ঘটিকা হতে দুপুর ১.০০ ঘটিকার মধ্যে নিম্নস্বাক্ষরকারীর অফিসে রক্ষিত দরপত্র বাক্সে জমা দিতে হবে। নির্ধারিত সময়ের পরে কোন দরপত্র জমা দেয়ার জন্য আনীত হলে তা বাতিল বলে গণ্য হবে এবং বন্ধ অবস্থায় খাম আগত ব্যক্তিকে ফেরত দেয়া হবে।

৩। প্রতি সেট বিনষ্ট চালের দরপত্র সিডিউলের মূল্য ১,০০০/- (এক হাজার) টাকা যা ট্রেজারী চালানের মাধ্যমে সোনালী ব্যাংক পিএলসি, ময়মনসিংহ কর্পোরেট শাখায় ১/৪৮৩১/০০০১/২৩৬৬ নম্বর কোডে জমা দিতে হবে। সিডিউলের টাকা জমা দেয়ার পূর্বে ট্রেজারী চালান অত্র কার্যালয়ের হিসাব শাখা হতে অবশ্যই পাশ করিয়ে নিতে হবে। উক্ত জমার স্বপক্ষে ট্রেজারী চালানের মূলকপি অত্র কার্যালয়ে জমা দিয়ে এবং একটি ফটোকপি প্রদর্শন পূর্বক (প্রদর্শিত ফটোকপি পরবর্তীতে দরপত্র সিডিউলের সাথে অবশ্যই দাখিল করতে হবে) নির্দিষ্ট সময়ের মধ্যে দরপত্র সিডিউল ক্রয় করতে হবে।

৪। কোন প্রকার উপরিলিখন, ঘষামাজা, কাটাকাটি ও ফ্লুইডযুক্ত দরপত্র গ্রহণ করা হবে না। দরপত্রে প্রদত্ত দর অংকে ও কথায় লিখতে হবে।

৫। নিলাম দরপত্রের সাথে ক্রয়কৃত সিডিউলের কপি, দরদাতার সদ্য তোলা পাসপোর্ট সাইজের ২(দুই) কপি সত্যায়িত ছবি, জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত ফটোকপি, হালনাগাদ টিআইএন সনদের সত্যায়িত ফটোকপি, যে কোন তফসিলি ব্যাংক হতে আর্থিক স্বচ্ছলতার সনদ সংযুক্ত করে দাখিল করতে হবে।

৬। বিনষ্ট চাল 'মানুষের খাদ্য উপযোগী নয়' বলে খাদ্য অধিদপ্তরের পরীক্ষাগারে প্রমাণিত হওয়ায় নিলামে বিক্রয়তব্য বিনষ্ট খাদ্যশস্য কোন অবস্থাতেই "মানুষের খাদ্য হিসেবে ব্যবহার অথবা মানুষের খাদ্যের সাথে মিশ্রিত করে ব্যবহার বা বিক্রয় করা হবে না" মর্মে নিলাম দরদাতাকে নিজস্ব প্যাডে অঙ্গীকারনামা দাখিল করতে হবে। মৎস্য খাবার/জৈব সার হিসেবে জমিতে ব্যবহার ব্যতিত অন্য কোন খাবার হিসেবে ব্যবহারের ফলে, যদি কোন ক্ষয়ক্ষতি সাধিত হয় তার জন্য নিলাম গ্রহীতা দায়ী থাকবেন।

৭। উদ্ধৃত মোট মূল্যের উপর শতকরা ১০% হারে জামানতের (ফেরতযোগ্য) টাকা যে কোন তফসিলী ব্যাংক হতে ইস্যুকৃত পে-অর্ডার মারফত জেলা খাদ্য নিয়ন্ত্রক, ময়মনসিংহ এর অনুকূলে দরপত্র সিডিউলের সাথে দাখিল করতে হবে। অন্যথায়, দরপত্র সিডিউল বাতিল হিসেবে গণ্য হবে। সর্বোচ্চ নিলাম দরদাতা কার্যাদেশ প্রাপ্ত হওয়া সত্ত্বেও নির্ধারিত সময়ের মধ্যে খাদ্যশস্যের মূল্য সরকারি কোষাগারে জমাদানে ব্যর্থ হলে, তাঁর ১০% জামানতের টাকা বিধি মোতাবেক সরকারি খাতে বাজেয়াপ্ত করা হবে।

৮। সিডিউলে দরদাতার পূর্ণ নাম, ঠিকানা, মোবাইল নম্বর উল্লেখ করতে হবে। সিডিউলের প্রতিটি পাতায় এবং দাখিলকৃত কাগজপত্রের প্রতিটি পাতার নীচে দরদাতার স্বাক্ষর থাকতে হবে।

৯। নির্ধারিত এলএসডি থেকে বিনষ্ট চাল অপসারণের সকল ব্যয় সরবরাহ আদেশ প্রাপ্ত দরদাতাকে বহন করতে হবে।

১০। বিনষ্ট চাল অপসারণের সময় কোন প্রকার দুর্ঘটনার ফলে জান-মালের কোন প্রকার ক্ষয়ক্ষতি সাধিত হলে, তা অনুমোদিত দরদাতাকে নিজ দায়িত্বে ক্ষতিপূরণ করতে হবে। এ ব্যাপারে কোন প্রকার আপত্তি গ্রহণযোগ্য হবে না এবং বিক্রয়কারী কর্তৃপক্ষ কোন দায়-দায়িত্ব বহন করবে না।

১১। যোগ্য ও সর্বোচ্চ নিলাম দরদাতার প্রদত্ত দর সংরক্ষিত দরের বেশি হলে, দরপত্র মূল্যায়ন কমিটির সুপারিশ প্রাপ্ত হলে এবং যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদিত হলে তবেই কার্যাদেশ দেয়া হবে।

১২। আগামী ২০/০৪/২০২৪ খ্রিস্টাব্দ তারিখ অফিস চলাকালীন সময় পর্যন্ত আঠারবাড়ী এলএসডির ভারপ্রাপ্ত কর্মকর্তা/উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, ঈশ্বরগঞ্জ এর সাথে যোগাযোগ করে যেখানে যে অবস্থায় আছে ভিত্তিতে বিনষ্ট চাল এর নমুনা দেখা যাবে। পরবর্তীতে, দর দাখিলের পর না দেখার অযুহাতে কোন প্রকার ওজর আপত্তি গ্রহণযোগ্য হবে না।

১৩। সর্বোচ্চ নিলাম দরদাতাকে কার্যাদেশ প্রদানের ০৫ (পাঁচ) কর্ম দিবসের মধ্যে নির্ধারিত এলএসডিতে রক্ষিত বিনষ্ট খাদ্যশস্যের উদ্ধৃত সমুদয় মূল্য এবং সমুদয় মূল্যের উপর ৫% হারে উৎসে আয়কর ও ৭.৫% হারে ভ্যাট (সর্বশেষ আদেশে যা থাকে) নির্ধারিত কোডে চালানের মাধ্যমে সরকারি কোষাগারে জমা প্রদান করতঃ চালানের মূল কপি উপজেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, ঈশ্বরগঞ্জে দাখিল করে সরবরাহ আদেশ (ডিও) গ্রহণ পূর্বক ৭(সাত) কর্মদিবসের মধ্যে সংশ্লিষ্ট এলএসডি হতে বিনষ্ট খাদ্যশস্য সরবরাহ নিতে হবে। অনিবার্য কারণ ব্যতিত অন্য কোন অযুহাতে সরবরাহ আদেশের কোন প্রকার মেয়াদ বৃদ্ধি করা হবে না। মেয়াদ বৃদ্ধির বিষয়টি সম্পূর্ণ বিজ্ঞপ্তি দাতা বিক্রয়কারী কর্তৃপক্ষের এখতিয়ারভূক্ত। এ বিষয়ে নিলাম দরদাতার কোন প্রকার আপত্তি গ্রহণযোগ্য হবে না।

১৪। সর্বোচ্চ নিলাম দরদাতার অনুকূলে কার্যাদেশ প্রদান না করা পর্যন্ত ২য় সর্বোচ্চ দরদাতার জামানত বিমুক্ত করা হবে না।

১৫। কৃতকার্য নিলাম দরদাতার জামানতের টাকা, সমুদয় বিনষ্ট চাল সংশ্লিষ্ট এলএসডি হতে সরবরাহ নেয়ার পর সংশ্লিষ্ট ভারপ্রাপ্ত কর্মকর্তা ও উপজেলা খাদ্য নিয়ন্ত্রকের সুপারিশক্রমে জেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, ময়মনসিংহ হতে জামানত ফেরত নেয়া যাবে।

১৬। নিলাম দরপত্রসমূহ খোলার নির্ধারিত তারিখ হতে পরবর্তী ৬০ (ষাট) দিন পর্যন্ত অত্র দরপত্রের মেয়াদ কার্যকর (Valid) থাকবে।

১৭। কর্তৃপক্ষ যে কোন দরদাতার নিলাম দরপত্র কোনরূপ কারণ দর্শানো ব্যতিরেকে গ্রহণ বা বাতিল করার অধিকার সংরক্ষণ করেন।

(মোঃ আব্দুল কাদের)
জেলা খাদ্য নিয়ন্ত্রক
ময়মনসিংহ।
dcf.myn@dgfood.gov.bd
ফোন নং-০২৯৯৬৬৬৪৩৫৯

স্মারক নং: ১৩.০১.৬১০০.০০৭.৩২.০২০.০৮.**৯২২(১০০)** তারিখ: ০১/০৪/২০২৪খ্রি.

অনুলিপিঃ সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১। মহাপরিচালক (গ্রেড-১), খাদ্য অধিদপ্তর, ঢাকা।
২। পরিচালক, প্রশাসন/সরবরাহ, বন্টন ও বিপণন/হিসাব ও অর্থ/পরিদর্শন, উন্নয়ন ও কারিগরী সেবা বিভাগ, খাদ্য অধিদপ্তর, ঢাকা।
৩। আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, ময়মনসিংহ।
৪। জেলা প্রশাসক, ময়মনসিংহ।
৫। পুলিশ সুপার, ময়মনসিংহ।
৬। উপ-পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, ময়মনসিংহ
৭। জেলা প্রাণীসম্পদ কর্মকর্তা, ময়মনসিংহ
৮। জেলা খাদ্য নিয়ন্ত্রক, নেত্রকোনা/জামালপুর/শেরপুর।
৯। জেলা তথ্য অফিসার, ময়মনসিংহ। বিষয়টি ব্যাপক প্রচারের জন্য ও নোটিশ বোর্ডে টাংগানোর জন্য অনুরোধ করা হলো।
১০। উপজেলা নির্বাহী অফিসার, ঈশ্বরগঞ্জ, ময়মনসিংহ। নোটিশ বোর্ডে টাংগানোর জন্য অনুরোধ করা হলো।
১১। চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রি, ময়মনসিংহ। বিষয়টি ব্যাপক প্রচারের জন্য ও নোটিশ বোর্ডে টাঙানোর জন্য অনুরোধ করা হলো।
১২। অফিসার ইনচার্জ, ঈশ্বরগঞ্জ থানা, ময়মনসিংহ।
১৩। উপজেলা খাদ্য নিয়ন্ত্রক (সকল)........................................ ময়মনসিংহ। ব্যাপক প্রচারের জন্য ও নোটিশ বোর্ডে টাঙানোর জন্য।
১৪। ভারপ্রাপ্ত র্কমর্কতা (সকল)....................................এলএসডি, ময়মনসিংহ। ব্যাপক প্রচারের জন্য ও নোটিশ বোর্ডে টাঙানোর জন্য।
১৫। অফিস কপি।

০১/০৪/২৪
জেলা খাদ্য নিয়ন্ত্রক
ময়মনসিংহ।
১/৪/২৪